বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ

প্রকিউরমেন্ট এন্ড লজিস্টিক সাপোর্ট পরিদপ্তর,এইচএসআইএ,ঢাকা

আউট সোর্সিং ভিত্তিতে গাড়ি চালক সরবরাহের জন্য প্রতিষ্ঠান তালিকাভূক্তির দরপত্র সিডিউল

(দরপত্র নম্বর ০৩৭/২০২০ তারিখ : ০১/১১/২০২০)

| |
|---|
| দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময়ঃ আগামী ২৫/১১/২০২০ খ্রিঃ স্থানীয় সময় দুপুর ১২০০ ঘটিকা পর্যন্ত। দরপত্র খোলার তারিখ ও সময়ঃ ২৫/১১/২০২০ খৃঃ ১৪০০ ঘটিকা (স্াঃসঃ)। |

এতদ্বারা বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ এর যানবাহন বিভাগে গাড়ী চালানোর জন্য নিম্নবর্নিত শর্তপুরণ সাপেক্ষে প্রাইভেট প্রতিষ্ঠান যাদের বাংলাদেশে অবস্থিত যে কোনো প্রতিষ্ঠানে গাড়ি চালক সরবরাহের পূর্ব অভিজ্ঞতা রয়েছে শুধুমাত্র সেই সকল প্রতিষ্ঠান সমুহ নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত দরপত্রে অংশ গ্রহণ করতে পারবে।

**শর্তাবলীঃ**

০১। দরপত্রের সঙ্গে সিডিউলড ব্যাংক হতে আর্ণেষ্ট মানি হিসাবে ২৫,০০০ (পচিঁশ হাজার) টাকা ফেরত যোগ্য পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে। পে অর্ডার/ ব্যাংক ড্রাফট ব্যাংক কর্তৃক ইমবসড বা নট ওভার টাকা কথাটি লিখিত থাকতে হবে, অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। দরপত্রের মেয়াদকাল দরপত্র দাখিলের তারিখ হতে ৯০(নব্বই) দিনের জন্য বৈধ থাকবে।

০২। বিস্তারিত তথ্য/ শর্তাবলী সম্বলিত সিডিউল নগদ ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যে বিমান ক্যাশ এন্ড ব্যাংকিং শাখা, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা হতে আগামী ০৩/১১/২০২০ খ্রি: থেকে ২৪/১১/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত সকল কর্মদিবসে অফিস চলাকালীন সময়ে (০৯০০ ঘটিকা হতে ১৭০০ ঘটিকা) পর্যন্ত ক্রয়/সংগ্রহ করা যাবে।

০৩। দরদাতা কর্তৃক প্রস্তাবিত গাড়ি চালকের নিম্নলিখিত যোগ্যতা থাকতে হবেঃ-
ক) শিক্ষাগত যোগ্যতাঃ- কমপক্ষে এস.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ।
খ) বয়সঃ ২২-৩০ বৎসর।
গ) হালকা/ ভারী যানবাহন চালনায় কমপক্ষে ০৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
ঘ) প্রয়োজনীয় কাগজপত্রাদিঃ-(১) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি; (২) শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি; (৩) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি; (৪) নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি; (৫) বৈধ পেশাদার ড্রাইভিং লাইসেন্সের স্ক্যান/ রঙিন ফটোকপি; (০৬) অভিজ্ঞতার সনদপত্র এবং (৭) শারীরিক ফিটনেস সার্টিফিকেট।

০৪। দরদাতা/ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান গাড়ি চালকের জন্য প্রথমবার কমপক্ষে ৪০ (চল্লিশ) জনের প্রস্তাবনা পেশ করবে এবং বিমান প্রস্তাবিত গাড়ি চালকদের আনুষ্ঠানিক পরীক্ষার মাধ্যমে যাচাই-বাছাই করে যাদের নির্বাচিত করবে সংশ্লিষ্ট দরদাতা/ প্রতিষ্ঠান কেবল তাদেরকেই আউট সোর্সিং গাড়ি চালক হিসেবে বিমানে সরবরাহ করবে। প্রস্তাবিত গাড়ি চালকদের পূর্ব ইতিহাস উল্লেখ করতে হবে এবং বিমানে নিয়োগের পূর্বে তাদের ব্যবহারিক পরীক্ষা নেয়া হবে। দরদাতা/ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বিমানের চাহিদা অনুযায়ী বার বার গাড়ি চালকের জন্য প্রস্তাবনা পেশ করতে হবে।

০৫। আউট সোর্সিং হিসেবে সরবরাহকৃত গাড়ি চালকগণ বিমানে কাজ করার ক্ষেত্রে বিমানের অন্যান্য গাড়ি চালকদের মতই ডিউটি পালন করবেন। আউট সোর্সিং গাড়ি চালকদের মাসিক বেতন ও অন্যান্য আর্থিক সুবিধা সরাসরি তাদের ব্যাংক একাউন্টে বিমান কর্তৃক প্রেরিত হবে। দরদাতা প্রতিটি সফল আউট সোসিং গাড়ি চালক সরবরাহের জন্য তার মাসিক বেতনের উপর সার্ভিস চার্জ সুবিধা প্রাপ্ত হবেন যা ৫% এর নীচে হবে না।

০৬। বিমানের গাড়ী চালানোর ক্ষেত্রে যেকোন ধরনের দূর্ঘটনার ক্ষতিপূরণ, ট্রাফিক আইন অমান্যের জন্যে যেকোন ধরনের জরিমানা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের উপর বর্তাবে। যেকোন ক্ষতিপূরণ/ জরিমানা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিকট হতে আদায় করা হবে। সফল দরদাতা/ প্রতিষ্ঠানকে গাড়ী চালক সরবরাহের চুক্তির মেয়াদ উত্তীর্ন না হওয়া পর্যন্ত প্রত্যেক নির্বাচিত গাড়ি চালকের জন্য নিরাপত্তা জামানত হিসাবে টাকা ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) করে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ এর অনুকূলে দাখিল করতে হবে। সন্তোষজনক ভাবে মেয়াদকাল উত্তীর্ন হলে সুদ ছাড়া নিরাপত্তা জামানতের টাকা একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে ফেরত দেওয়া হবে। নিরাপত্তা জামানতের টাকা বুঝে পাওয়ার পর দরপত্রের সংগে প্রদত্ত আর্নেষ্টমানি ফেরত দেয়া হবে। গাড়ি চালকগণ বিমানের গাড়ী নিয়ে দায়িত্ব পালনের সময় গাড়ী চুরি হলে বা হারিয়ে গেলে তার দায় দায়িত্ব সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর উপর বর্তাবে এবং এ বিষয়ে ধার্যকৃত ক্ষতিপূরণ উক্ত প্রতিষ্ঠান বিমানকে প্রদান করতে বাধ্য থাকবে।

চলমান পাতা-০২

০৭। গাড়ি চালককে নির্ধারিত সময়ের মধ্যেই অফিসে হাজির হতে হবে, ৩০ মিনিটের অধিক দেরী হলে ঐ দিনের হাজিরা কর্তন হবে। প্রত্যেক গাড়ি চালককেই নিজ দায়িত্বে গাড়ী পরিস্কার-পরিছন্নসহ রুটিন চেক করতে হবে।

০৮। যদি কোন গাড়ি চালকের কোন ধরনের নৈতিক স্খলন, অসৎ উপায় অবলম্বন বা দায়িত্বের প্রতি অবহেলা পরিলক্ষিত হয় তবে যানবাহন বিভাগ সংশ্লিষ্ট গাড়ী চালককে দায়িত্ব হতে অব্যহতি প্রদান করতে পারবে এবং যদি বিমান কর্তৃপক্ষ রাজি থাকে তাহলে উক্ত গাড়ি চালকের পরিবর্তে পূর্বে উল্লিখিত শর্ত সাপেক্ষে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বদলী গাড়ি চালকের প্রস্তাবনা দিতে পারবে।

০৯। ২৫/১১/২০২০ খ্রি: তারিখে সকাল ০৯০০ ঘটিকা হতে দুপুর ১২০০ ঘটিকা পর্যন্ত বিমান প্রধান কার্যালয়, বলাকা ভবনস্থ প্রবেশ গেট সংলগ্ন নিরাপত্তা অফিসে ও প্রকিউরমেন্ট এন্ড লজিস্টিক সাপোর্ট পরিদপ্তরের স্থানীয় ক্রয় শাখায় রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র ফেলা যাবে। দরপত্র বাক্স একই দিন ১৪০০ ঘটিকার সময় প্রকিউরমেন্ট এন্ড লজিস্টিক সাপোর্ট পরিদপ্তরে টেন্ডার ওপেনিং কমিটি কর্তৃক দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

১০। নিজস্ব লেটার হেড প্যাডে দরপত্রে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের প্রোফাইল সংক্ষিপ্ত আকারে প্রদান করতে হবে যাতে প্রতিষ্ঠানের নাম, স্থাপনের তারিখ, রেজিস্ট্রেশন নম্বর, জনবল, মালিক/পরিচালকবৃন্দের নাম, স্থায়ী ও অস্থায়ী ঠিকানা এবং জাতীয় পরিচয় পত্র ও অন্যান্য তথ্যাবলীর বর্ণনা থাকতে হবে।

১১। দরপত্রের সঙ্গে অবশ্যই নিজস্ব লেটার হেড প্যাডে আবেদন করতে হবে (ফটোকপি অথবা কম্পিউটারে কম্পোজ গ্রহনযোগ্য নয়)। আবেদনকারী পূর্ণ নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, অফিস/ আবাসিক ফোন নম্বর (যদি থাকে) অবশ্যই লেটারহেড প্যাডে থাকতে হবে।

১২। নোটারী পাবলিক অথবা ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন ও নতুন ভ্যাট সনদ ইত্যাদি (স্পষ্ট ফটোকপি) যথাযথভাবে সত্যায়িত করে দরপত্রের সঙ্গে দাখিল করতে হবে এবং দরপত্র খোলার সময় তাৎক্ষনিক পরীক্ষার জন্য উল্লিখিত কাগজপত্র সমূহের মূলকপি দরদাতা অথবা দরদাতার প্রতিনিধির সঙ্গে অবশ্যই রাখতে হবে।

১৩। প্রতিটি আউট সোর্সিং গাড়ি চালক দৈনিক ৮ঘন্টা শিফটিং ডিউটি করবে এবং দৈনিক টাকা ৬৩০/- (ছয় শত ত্রিশ মাত্র) মজুরী প্রাপস্থ হবেন। সে হিসেবে প্রতিটি আউট সোর্সিং গাড়ি চালকের মাসিক বেতন সর্বোচচ (৬৩০×২৬) = টাকা ১৬,৩৮০/- (ষোল হাজার তিন শত আশি মাত্র) নির্ধারিত থাকবে, যার উপর ভিত্তি করে দরদাতাগণ কমিশন/ সার্ভিস চার্জ সুবিধা পাবেন। এছাড়াও প্রতিটি আউট সোর্সিং গাড়ি চালক বৎসরে দুইটি বোনাস সুবিধা প্রাপ্ত হবেন। দর কথায় ও অংকে লিখিত হতে হবে। দরপত্রে কোন কাটা-কাটি অথবা কারেকটিং ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না। দরদাতাগণ/ প্রতিষ্ঠানসমূহকে দরপত্রে প্রতিটি আউট সোর্সিং গাড়ী চালকের জন্য শতকরা হারে কমিশন/ সার্ভিস চার্জ উলেস্নখ করতে হবে। সফল দরদাতাগণ/ প্রতিষ্ঠানসমূহকে বিমানে আউট সোর্সিং ভিত্তিতে গাড়ী চালক সরবরাহের জন্য তালিকাভক্ত করা হবে এবং তাদের সাথে ০৩ (তিন) বৎসর মেয়াদের চুক্তিপত্র সম্পাদিত হবে। চুক্তিকালীন দর বৃদ্ধির কোন প্রকার প্রস্তাব বিবেচিত হবে না।

১৪। নির্বাচিত প্রতিষ্ঠান কোন অবস্থাতেই ০২ (দুই) বৎসরের মধ্যে তার চুক্তি বাতিলের নোটিশ জারী করতে পারবেনা। তারপরও যদি কোন ঠিকাদার ০২ (দুই) বৎসরের মধ্যে চুক্তি বাতিলের নোটিশ জারী করে তাহলে ঐ দরপত্রের বিপরীতে তার জমাকৃত নিরাপত্তা জামানতের অর্থ সম্পূর্ন বাজেয়াপ্ত হবে। প্রতিষ্ঠান ০২ (দুই) বৎসর পর চুক্তি বাতিল করতে চাইলে চুক্তি বাতিলের যৌক্তিক কারণ উলেস্নখপূর্বক ০৩ (তিন) মাস পূর্বে নোটিশ দিতে হবে। অন্যথায় জামানতের অর্থ সম্পূর্ণ বাজেয়াপ্ত হবে। চুক্তি বাতিলের পর বকেয়া (যদি থাকে) আর্থিক দায়-দায়িত্ব বাতিল হবে না। তবে বিমান কর্তৃপক্ষ যে কোন সময় ০৩(তিন) মাসের নোটিশ দিয়ে চুক্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে। কোন গাড়ি চালকের আচরন খারাপ হলে, সার্ভিস সন্তোষজনক না হলে ঐ চালকের নির্দিস্ট মাসের বিল/বেতন হতে ২০% হারে জরিমানা কর্তন করা হবে এবং একই ধরণের ঘটনা নিয়মিত ঘটলে বা গুরুতর কোন অভিযোগের প্রেক্ষিতে সরবরাহকারী প্রতিষ্ঠান হতে নিরাপত্তা জামানতের অর্থ হতে যে কোন পরিমাণ টাকা কর্তন করার এখতিয়ার বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের থাকবে।

১৫। দরপত্রের সাথে দাখিলকৃত যে কোন মিথ্যা/ ভূয়া কাগজপত্র দাখিলের জন্য আর্নেষ্টমানি বাজেয়াপ্ত হবে এবং নির্বাচিত প্রতিষ্ঠানের বিরুদ্ধে পরবর্তীতে যদি কোন জালিয়াতি বা ভয়া কাগজপত্র প্রমানিত হয়, সে ক্ষেত্রে নিরাপত্তা জামানতের অর্থ বাজেয়াপ্তসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

চলমান পাতা-০৩

১৬। চুক্তির যে কোন শর্ত ভঙ্গের কারণে কোন অভিযোগ উথ্থাপিত হলে উভয়পক্ষ পারস্পরিক সমঝোতার ভিত্তিতে বিষয়টি নিস্পত্তি করবেন। নিস্পত্তি না হলে উভয়পক্ষ বিরোধীয় বিষয়টি নিস্পত্তির ক্ষমতা পরিচালক প্রশাসন/ সংশিস্নষ্ট পরিচালক, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ এর নিকট অর্পন করবেন এবং পরিচালক প্রশাসন/ সংশিস্নষ্ট পরিচালক একক আরবিট্রেটর হিসাবে বিষয়টি নিস্পত্তি করবেন যা আরবিট্রেশন এ্যাক্ট ১৯৪০ (সংশোধিত) মোতাবেক পরিচালিত হবে।

১৭। সরকার কর্তৃক নির্ধারিত ভ্যাট/ ট্যাক্স দরদাতা/ সরবরাহকারীর বিল হতে সব সময় আদায়/ কর্তন করা হবে। সরকারীভাবে ভ্যাট/ ট্যাক্স বৃদ্ধির ফলে ব্যয় বৃদ্ধি পেলে চুক্তিকালীন দরদাতা/ সরবরাহকারীর আবেদনের প্রেক্ষিতে বিমান কর্তৃক তা সমান হারে সমন্বয় এর ব্যবস্থা গ্রহন করা হবে।

১৮। উপরোক্ত শর্তাবলী যথাযথভাবে পূরণ করে দরপত্র দাখিল করতে হবে। কোন একটি বা একাধিক শর্ত পূরণ না হলে দরপত্র বাতিল বলে বিবেচিত হতে পারে।

(স্বপন কুমার দে)
ব্যবস্থাপক, বাণিজ্যিক ক্রয়

## দরদাতার অঙ্গীকার নামা

আমি ------------------------------------------------------------------------ এই মর্মে অঙ্গীকার করছি যে, অত্র দরপত্র সিডিউলের বর্ণিত সকল শর্তাবলী মেনে দরপত্র দাখিল করলাম এবং পরবতাতে মেনে চলতে বাধ্য থাকব। আমার অফারের সাথে যে সকল তথ্য/তথ্যাদা প্রদান করেছি এবং দলিলাদির সমর্থনে যে সকল ফটোকপি সমূহ প্রদান করেছি উহাতে যদি কোন ব্যতিক্রম/ভূল/ প্রতারনামূলক কিছু পাওয়া গেলে, দরপত্র অথবা চুক্তি বাতিল করা হলে আমি/আমরা কোন প্রকার আপত্তি/আইনগত ব্যবস্থা গ্রহন ছাড়াই তা মেনে নিতে বাধ্য থাকব।

দদরদাতার স্বাক্ষর ও তারিখ

স্বাক্ষরকারীর পূর্ণ নাম ঃ ---------------------------------------

প্রতিষ্ঠানের নাম ঃ ---------------------------------------

ঠিকানা ঃ ---------------------------------------

---------------------------------------

---------------------------------------

---------------------------------------

টেলিফোন নম্বর ঃ ---------------------------------------

প্রতিষ্ঠানের সীলমোহর